জাতীয় কৃষি আবহাওয়া
পরামর্শ সেবা বুলেটিন

১৫ মার্চ (বুধবার)
[সময়কালঃ ১৫.০৩.২০২৩-১৯.০৩.২০২৩]

ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি:

গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (১৫ মার্চ ২০২৩, সকল ০৬ টা পর্যন্ত) এবং ১৪ মার্চ ২০২৩ এ সর্বোচ্চ তাপমাত্রা, ১৫মার্চ ২০২৩ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলো:

বিভাগের নাম	পর্যবেক্ষণা-গারের নাম	বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:)	সর্বোচ্চ তাপমাত্রা	সর্বনিম্ন তাপমাত্রা	বিভাগের নাম	পর্যবেক্ষণা-গারের নাম	বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:)	সর্বোচ্চ তাপমাত্রা	সর্বনিম্ন তাপমাত্রা
ঢাকা	ঢাকা	০০	৩৪.৩	২৩.৭	চট্টগ্রাম	চট্টগ্রাম	০০	৩০.২	২৩.৮
	টাঙ্গাইল	০০	৩৩.০	২২.৫		সন্দ্বীপ	০০	৩২.৫	২১.৯
	ফরিদপুর	০০	৩৩.৮	২০.৬		সীতাকুন্ড	০০	৩২.৫	২০.৫
	মাদারীপুর	০০	৩৩.২	২০.৫		রাঙ্গামাটি	০০	৩৫.৩	২০.৫
	গোপালগঞ্জ	০০	৩৩.০	২১.০		কুমিল্লা	০০	৩১.৮	২০.২
	নিক্‌লি	০০	৩২.০	১৯.৫		চাঁদপুর	০০	৩৩.৬	২২.০
						মাইজদীকোর্ট	০০	৩২.৪	২২.২
রাজশাহী	রাজশাহী	০০	৩৪.৬	১৯.৮		ফেনী	০০	৩৩.৩	১৯.৫
	ঈশ্বরদী	০০	৩৪.৪	২২.০		হাতিয়া	০০	৩৩.৩	২১.৫
	বগুড়া	০০	৩২.৭	২২.৪		কক্সবাজার	০০	৩২.৫	২৩.৪
	বদলগাছী	০০	৩২.০	২০.৪		কুতুবদিয়া	০০	৩২.১	২২.১
	তাড়াশ	০০	৩১.৫	২২.০		টেকনাফ	০০	৩২.২	১৯.৩
						বান্দরবন	০০	৩৪.৪	২০.৭
রংপুর	রংপুর	০০	৩৩.০	২১.৬					
	দিনাজপুর	০০	৩৪.০	২০.১	খুলনা	খুলনা	০০	৩৩.৫	২২.৫
	সৈয়দপুর	০০	৩৪.৫	২০.০		মংলা	০০	৩৩.৭	২২.৮
	তেঁতুলিয়া	০০	৩৩.১	১৬.০		সাতক্ষীরা	০০	৩৩.৫	২২.৫
	ডিমলা	০০	৩২.৮	১৮.৮		যশোর	০০	৩৩.৬	২১.২
	রাজারহাট	০০	৩৩.৫	১৯.৮		চুয়াডাঙ্গা	০০	৩৪.৩	২১.২
						কুমারখালী	০০	৩৫.০	২১.৭
ময়মনসিংহ	ময়মনসিংহ	০০	৩২.৩	২০.৭					
	নেত্রকোনা	০২	৩০.৬	২০.০	বরিশাল	বরিশাল	০০	৩৩.১	১৯.৫
						পটুয়াখালী	০০	৩৩.৬	২১.০
সিলেট	সিলেট	২২	৩৩.০	১৮.৫		খেপুপাড়া	০০	৩৩.৫	২১.৯
	শ্রীমঙ্গল	০০	৩৪.০	১৯.০		ভোলা	০০	৩৩.৪	২০.২

প্রধান বৈশিষ্ট সমূহ:

- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৬.৭৮ ঘন্টা ছিল।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.৫৭ মি: মি: ছিল।

সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

পূর্বাভাস: ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা: দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

সপ্তাহের শেষে (১৪ মার্চ ২০২২ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন:




Anomaly Minimum Temperature (°C)
(08/03/2023 - 14/03/2023)
(°C)
-6 -3 0 3


Diurnal Temperature (°C)
(08/03/2023 - 14/03/2023)
(°C)
11 13 15 17 19


Anomaly Diurnal Temperature (°C)
(08/03/2023 - 14/03/2023)
(°C)
-2 0 2 5 8


Maximum Humidity (%)
(08/03/2023 - 14/03/2023)
(%)
79 84 89 94 100


Minimum Humidity (%)
(08/03/2023 - 14/03/2023)
(%)
9 19 29 39 48


Cloud Amount (Octa)
(08/03/2023 - 14/03/2023)
(Octa)
0 2 4


Wind Speed (knots)
(08/03/2023 - 14/03/2023)
(knots)
0 3 6 9

আবহাওয়ার পূর্বাভাস:

আবহাওয়ার পূর্বাভাস ১৬/০৩/২০২৩ হতে ২২/০৩/২০২৩ তারিখ পর্যন্ত:

- এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কাল ৫.৫০ থেকে ৭.৫০ ঘন্টার মধ্যে থাকতে পারে।
- এ সপ্তাহে বাষ্পীভবনের দৈনিক গড় ২.৫০ থেকে ৪.৫০ মি.মি. মধ্যে থাকতে পারে।

- এ সময় ঢাকা, ময়মনসিংহ, সিলেট, রংপুর ও রাজশাহী বিভাগের কিছু কিছু স্থানে এবং দেশের অন্যত্র দু'এক স্থানে অস্থায়ীভাবে দমকা/ঝড়োহাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে;

সেইসাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টির সম্ভবনা রয়েছে। এ সময়ের শেষের দিকে দেশের দক্ষিণাঞ্চল ও উত্তর পূর্বাঞ্চলে বৃষ্টিপাতের পরিমাণ বাড়তে পারে।

- এ সময় সারাদেশের দিন ও রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

আগামী ০৫ দিনের জেলাওয়ারী পরিমাণগত আবহাওয়া পূর্বাভাস (১৫ মার্চ হতে ১৯ মার্চ ২০২৩ পর্যন্ত)




Minimum Temperature (°C)
(15/03/2023 - 19/03/2023)
14 16 18 20 22
(°C)


Maximum Humidity (%)
(15/03/2023 - 19/03/2023)
38 51 64 77 89
(%)


Minimum Humidity (%)
(15/03/2023 - 19/03/2023)
31 42 53 64 75
(%)


Diurnal Temperature (°C)
(15/03/2023 - 19/03/2023)
12 15 18 22
(°C)

	

Wind Speed (knots)
(15/03/2023 - 19/03/2023)
4 5 6 7
(knots)

Different Satellite Products over Bangladesh

NOAA/VIIRS BLENDED NDVI composite for the week. No. 10 (05 March-11 March) over Agricultural regions of Bangladesh

NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 10 (05 March-11 March) over Agricultural regions of Bangladesh



NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 10 (05 March-11 March) over Agricultural regions of Bangladesh



NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 10 (05 March-11 March) over Agricultural regions of Bangladesh



মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী আগামী ১৭ থেকে ২২ মার্চ দেশের সকল জেলায় হালকা থেকে ভারী বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। এ সময় কোথাও কোথাও কালবৈশাখী ঝড় হতে পারে। আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:

- সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
- পরিপক্ক ফসল দ্রুত সংগ্রহ করে শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।
- বোরো ধানে ব্যাকটেরিয়াল লীফ ব্লাইট রোগ দেখা দিতে পারে। এ রোগ থেকে ফসলকে রক্ষা করার জন্য ঝড় বৃষ্টি থেমে যাওয়ার পর বিঘা প্রতি ৫ কেজি পটাশ সার এবং ৩.৫ কেজি জিপসাম প্রয়োগ করতে হবে। তবে ধান গাছ যদি থোড় অবস্থা পার হয়ে থাকে তাহলে ১০ লিটার পানিতে ৬০ গ্রাম পটাশ সার, ৬০ গ্রাম থিওভিট এবং ২০ গ্রাম জিংক ভালোভাবে মিশ্রিত করে ৫ শতাংশ জমিতে স্প্রে করতে হবে। ঝড় বৃষ্টির পর পর ইউরিয়া সার প্রয়োগ বন্ধ রাখুন।
- জমিতে যেন পানি জমে থাকতে না পারে সেজন্য নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন।
- বোরো ধানের জমির আইল উঁচু করে দিন।
- দন্ডায়মান কলাগাছ, আখ ও উদ্যানতাত্বিক ফসলের জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- বৃষ্টিপাতের পর জো অবস্থা আসলে পাট বীজ বপন করুন।